



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

ফোনঃ ৮৮-০৮১-৬৫৯৮৮ (ডিগ্রী শাখা); ৬৫২৪৫ (উচ্চমাধ্যমিক শাখা)
ফ্যাক্সঃ ৮৮-০৮১-৬১১৬১; ই-মেইল : principal@cvgc.edu.bd ওয়েব সাইট : www.cvgc.edu.bd
Facebook Page: <https://www.facebook.com/cvgc.edu.bd>

স্থাপিত - ১৮৯৯

তারিখ: ১৯/১২/২০২১ খ্রি.।

সংশোধিত বিজ্ঞপ্তি

নওয়াব ফয়জুল্লাহা ছাত্রীনিবাসে কিছু সংখ্যক শূন্য আসন পূরণের জন্য এ কলেজের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণির নিয়মিত ছাত্রীদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবানের সময় ০৪ জানুয়ারি ২০২২ খ্রি. পর্যন্ত বৃদ্ধি করা হলো। ফরমের মূল্য বাবদ নগদ ৩০০/- (তিনশত) টাকা পরিশোধ পূর্বক আগামী ০৪ জানুয়ারি ২০২২ খ্রি. পর্যন্ত প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ টার মধ্যে নওয়াব ফয়জুল্লাহা ছাত্রীনিবাস অফিস কক্ষ থেকে ফরম সংগ্রহ ও জমা দেয়া যাবে। ০৫ জানুয়ারি ২০২২ খ্রি. সকাল ১০.০০ টায় পরীক্ষা ভবনে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

পরীক্ষার পূর্ণমান : ৫০ নম্বর

১। বাংলা -২০ ২। ইংরেজি-১৫ ৩। সাধারণ জ্ঞান -১৫

পরীক্ষার সময় : ৫০ মিনিট।

আবেদনের শর্তাবলী :

- কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণির ভর্তিকৃত নিয়মিত সকল ছাত্রী আবেদন করতে পারবে।
- বিবাহিত এবং অনিয়মিত শিক্ষার্থী হলে ভর্তির অযোগ্য।
- কলেজের ০৫ মাইল ব্যাসার্ধের মধ্যে বসবাসকারী শিক্ষার্থীদের হলে আসন বরাদ্দ দেওয়া হবে না।
- দরখাস্তের সাথে সকল পরীক্ষা পাশের ০১ (এক) কপি করে প্রশংসাপত্র, মার্কশীট ও পাসপোর্ট সাইজের রঙ্গিন ০২ (দুই) কপি ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।
- দরখাস্তের সাথে স্থানীয় ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের মূল কপি জমা দিতে হবে।
- দরখাস্তে ক্রাসে উপস্থিতির হার, নিয়মিত/অনিয়মিত, আচার-আচরণ ইত্যাদি সম্পর্কে বিভাগীয় প্রধানের সুস্পষ্ট মন্তব্য/সুপারিশ থাকতে হবে।
- বিগত বছরে যে সকল শিক্ষার্থীগণ হলের আসন পায়নি সে সকল শিক্ষার্থীগণ পুনরায় দরখাস্ত করতে পারবে।
- দরখাস্ত অসম্পূর্ণ থাকলে কিংবা ভুল বা ভুয়া তথ্য প্রদান করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ইতঃপূর্বে ভুয়া সার্টিফিকেট, ভুল তথ্য প্রদানের কারণে যাদের দরখাস্ত বাতিল হয়েছে তাদের পুনরায় দরখাস্ত করার প্রয়োজন নেই। এছাড়া অসদাচরণের দায়ে হল থেকে বহিস্কৃত বা আসন বাতিলকৃত শিক্ষার্থীদের পুনরায় হলে দরখাস্ত করার সুযোগ নেই।
- দরখাস্তসমূহ যথারীতি যাচাই-বাছাইয়ের পর হল কর্তৃপক্ষ লিখিত/মৌখিক পরীক্ষার মাধ্যমে বিভিন্ন বিষয়ের মেধাভিত্তিক তালিকা তৈরি করে তা যথাসময়ে প্রকাশ করবে। বর্তমানে শূন্য আসনসমূহ পূরণের পর পরবর্তী সময়ে আসন শূন্য থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা থেকে মেধানুসারে শিক্ষার্থী ভর্তি করা হবে।
- ২য়/৩য়/৪র্থ বর্ষ সম্মান শ্রেণির ও মাস্টার্স ১ম/শেষ বর্ষের শিক্ষার্থীদের মাস্টার্স চূড়ান্ত পর্বের পরীক্ষা পর্যন্ত সময়ের জন্য ভর্তি করা হবে।
- ডিগ্রি (পাস) শ্রেণির শিক্ষার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
- ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রতিমাসে হলকর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে।
- কর্তৃপক্ষ যে কোন বিবেচনায় যে কোন ফরম বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

Ahman
19.12.21

প্রফেসর ড. আবু জাফর খান (৩৯১৪)

অধ্যক্ষ

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

কুমিল্লা

M. Khan
19.12.2021

মোঃ মনিরুল ইসলাম

আহ্বায়ক

আবাসিক হল (ডিগ্রি শাখা) ভর্তি পরীক্ষা কমিটি-২০২১

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

কুমিল্লা

বিতরণ:

- উপাধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- সকল বিভাগীয় প্রধান, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- হল তত্ত্বাবধায়ক, কবি কাজী নজরুল ইসলাম হল, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- হল তত্ত্বাবধায়ক, নওয়াব ফয়জুল্লাহা ছাত্রীনিবাস, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- সম্পাদক, শিক্ষক পরিষদ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- সংরক্ষণ নথি